

বি এস এন এল ক্যাজুয়াল মজদুর ইউনিয়ন

পশ্চিমবঙ্গ সার্কেল

২৪৯ডি, বি বি গাঙ্গুলি স্ট্রীট, কলকাতা-১২

কমরেড, ঈদ ও শারদোৎসব পর্ব শেষ হয়েছে। ইতিমধ্যেই প: বঙ্গ সার্কেল ইউনিয়ন কর্মচারীদের জ্বলন্ত সমস্যাগুলির দ্রুত সমাধান করার জন্য আন্দোলনের দিনক্ষণ চূড়ান্ত করেছে। গত রাজ্য কমিটির সভায় আলোচনার মধ্য দিয়ে তা চূড়ান্ত হয়। গত ১৪ই অক্টোবর, সি. জি. এম. টি/ প: বঙ্গের সাথে সার্কেল কাউন্সিল সভাতে আমাদের এই ফ্লোভের কথা তীব্রভাবে ব্যক্ত করি ও জানিয়ে দিই যে আগামী ৭ দিনের মধ্যে সমস্যা সমাধানে প্রশাসন উদ্যোগ না নিলে আগামী ২৭-২৯শে অক্টোবর সংগঠন লাগাতার ৩ দিন অবস্থান কর্মসূচী পালন করবে। এই লক্ষ্যে আগামীদিনে যে কাজ করতে হবে

(০১) ২০-২৬শে অক্টোবর সমস্ত বিভাগে তীব্র প্রচার আন্দোলন ও বিক্ষোভ কর্মসূচী পালন করার শেষে জি. এম./ডি.জি.এম./টি.ডি. এম স্তরে হবে বৃহত্তর কর্মী সমাবেশ প্রস্তুতি গড়ে তুলুন। এই সময়ের মধ্যে ই. টি. আর. এবং ই. টি. পি. তাদের সি. জি. এম. এর সামনে কর্মসূচী পালন করুন।

(০২) ২৭-২৯শে অক্টোবর সি. জি. এম স্তরে লাগাতার তিনদিন গণ অবস্থানে জমায়তে করতে হবে :-

২৭-১০-২০০৯ - কলকাতা (বিভাগীয়) সি. টি. ও, টি সি. ও, সি. জি. এম. টি. অফিস

২৮-১০-২০০৯ - কলকাতা (ক্যাজুয়াল), সিভিল উইং, সি. জি. এম. টি. (টেকনিক্যাল), কিউ এ

২৯-১০-২০০৯ - খড়গপুর, কৃষ্ণনগর, বহরমপুর, আসানসোল, দুর্গাপুর, বর্ধমান, বাঁকুড়া, সিউড়ি প্রভৃতি জেলা থেকে প্রায় ৪০০ কর্মচারীকে উপস্থিত হতে হবে। ই. টি. আর এবং ই. টি. পি. বিভাগের কর্মচারীদের ঐ দিন উপস্থিত হতে হবে।

(০৩) নিম্নলিখিত বিষয়গুলি নিয়ে তীব্র প্রচার আন্দোলন গড়ে তুলুন ও এ বিষয়ে ইউনিয়নের অবস্থান ও সর্বশেষ দাবিগুলির পরিস্থিতি সার্কেল ইউনিয়নের কাছ থেকে জেনে নিয়ে প্রচারে নামুন। দাবীগুলি নিম্নরূপ :-

(ক) পশ্চিমবঙ্গে টেলিক পরিষেবার উন্নতি ঘটাতে উপযুক্ত পদক্ষেপ নিতে হবে।

(খ) অবিলম্বে এস এস এ ভিত্তিক গ্রুপ -'ডি' শূন্যপদ ঘোষণা করতে হবে।

(গ) অবিলম্বে গ্রুপ-'ডি' শূন্যপদে তালিকাভুক্ত ক্যাজুয়াল কর্মীদের নিয়োগ করতে হবে।

(ঘ) অবিলম্বে বিভাগীয়করণ সাপেক্ষে ক্যাজুয়াল কর্মচারীদের টি. এস. এম. শীপ ঘোষণা করতে হবে।

(ঙ) অনিয়মিত কর্মচারীদের বি এস এন এল এর ন্যূনতম স্কেল অনুযায়ী দৈনিক মজুরী নির্ধারণ করতে হবে।


(চ) সমস্ত ক্যাজুয়াল কর্মচারীদের অবিলম্বে ই পি এফ চালু করতে হবে।

(ছ) কন্ট্রাক্ট কর্মচারীদের ই. পি. এফ এবং ই. এস. আই. স্বচ্ছতা আনতে হবে।

(ঝ) সি. জি. এম. এর প্রতিশ্রুতি মতো ভারত সরকারের শ্রমমন্ত্রকের নির্দেশ মতো সার্কেলগত ভাবে কন্ট্রাক্ট কর্মচারীদের বেতন অবিলম্বে চালু করতে হবে।

(ঞ) অপচয় বন্ধ করে পশ্চিমবঙ্গ সার্কেলকে লাভজনক সার্কেলে পরিণত করতে হবে।

কলকাতা
তারিখ-১৯-১০-২০০৯


(তাপস কুমার ঘোষ)
প্রাদেশিক সম্পাদক